



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



২৫ মার্চ কালরাত্রি ও গণহত্যা দিবস স্মরণে প্রদীপ প্রজ্জ্বলন ও স্ক্রল পেইন্টিং



২৫ মার্চ ২০২৪, সোমবার, সন্ধ্যা ৭ টায় কালরাত্রি ও গণহত্যা দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস এক মিনিটের জন্য অন্ধকারাচ্ছন্ন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: হুমায়ুন কবীর চৌধুরী এর নেতৃত্বে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে চারুকলা অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বিশালাকৃতির স্ক্রল পেইন্টিং অংকন করা হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন, চারুকলা অনুষদভুক্ত তিন বিভাগের (ড্রেইং ও পেইন্টিং বিভাগ, প্রিন্ট মেকিং বিভাগ এবং ভাস্কর্য বিভাগ) চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।